



উত্তরায় বিমান বিধ্বস্তে নিহত ১৯, আহত অর্ধশতাধিক জানালো ফায়ার সার্ভিস



সংগৃহীত ছবি

রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে অন্তত ১৯ জন নিহত এবং ৫০ জনের বেশি আহত হয়েছেন বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে।

সোমবার (২১ জুলাই) বিকেল সাড়ে ১টার দিকে রাজধানীর উত্তরার ১১ নম্বর সেক্টরের মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের প্রাইমারি ক্যাম্পাস সংলগ্ন এলাকায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি F-7 BGI মডেলের প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়। দুর্ঘটনার পরপরই বিকট শব্দে কেঁপে ওঠে পুরো এলাকা। মুহূর্তেই দাউদাউ করে আগুন ছড়িয়ে পড়ে।

ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরের মিডিয়া সেক্টরের সিনিয়র স্টাফ অফিসার মো. শাহজাহান শিকদার জানান, এখন পর্যন্ত ১৯ জন নিহত এবং ৫০ জনের বেশি আহত হয়েছেন। তাৎক্ষণিকভাবে আহতদের রাজধানীর বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে।

তিনি আরও জানান, দুর্ঘটনাস্থলে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট এবং ৬টি অ্যাম্বুলেন্স কাজ করছে। দুর্ঘটনার পরপরই উদ্ধার কার্যক্রম শুরু হয় এবং এখনো তা চলমান রয়েছে।

বিমানটি কীভাবে বিধ্বস্ত হলো, তাৎক্ষণিকভাবে সে বিষয়ে কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিস্তারিত তদন্তের পর প্রকৃত কারণ জানাবে বলে আশা করা যাচ্ছে। আরও তথ্য আসছে...